বারিধারা ডিওএইচএস পরিষদ
ঢাকা সেনানিবাস
কার্যনির্বাহী কমিটির (ইসি) সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের ইসি'র ১৩ তম সভা ২৬ সেপ্টেম্বর ২০২৬ (শনিবার) সন্ধ্যা ৭.০০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) এবং এতে নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

ক।	কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)	- প্রেসিডেন্ট
খ।	ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবসরপ্রাপ্ত)	- সিনিঃ ভাইস প্রেসিডেন্ট
গ।	ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)	- সেক্রেটারী
ঘ।	কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবসরপ্রাপ্ত)	- জয়েন্ট সেক্রেটারী
ঙ।	গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবসরপ্রাপ্ত)	- ট্রেজারার
চ।	মেজর জাফরউল্লাহ খান (অবসরপ্রাপ্ত)	- জয়েন্ট ট্রেজারার
ছ।	ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত)	- মেম্বার এ্যাডমিন
জ।	ব্রিগেঃ জেনাঃ মোঃ নাজমুল হদা (অবসরপ্রাপ্ত)	- মেম্বার মেডিকেল
ঝ।	এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবসরপ্রাপ্ত)	- সদস্য
ঞ।	মিসেস পারভীন যোবায়দা	- সদস্য
ট।	ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত)	- সদস্য
ঠ।	লেঃ কর্ণেল আব্দুন নুর খান (অবসরপ্রাপ্ত)	- সদস্য
ড।	ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবসরপ্রাপ্ত)	- সদস্য
ঢ।	মিসেস সাবরিনা মফিজ	- সদস্য
ণ।	কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত)	- সদস্য

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায় সভাপতির অনুমতিক্রমে সেক্রেটারী, পরিষদ কর্তৃক সভায় কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

আলোচ্যসূচি ও সিদ্ধান্ত	কার্যক্রম
আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত ● বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস এর যে সকল সদস্যবৃন্দ ও তাদের পরিবারবর্গ মৃত্যুবরণ করে পরপারে চলে গিয়েছেন তাদের রুহের মাগফেরাত এবং বর্তমানে বসবাসরত সকল বাসিন্দা ও পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে দু'আ করেন। আজকের সভার কার্যক্রম যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে ব্যাপারেও আল্লাহ্‌র দরবারে প্রার্থনা করেন।	সেক্রেটারী

আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট ইসি'র ১৩তম সভায় উপস্থিত সকল সদস্যগণকে অভিবাদন জানিয়ে তাঁর উদ্বোধনী বক্তব্য শুরু করেন। তিনি মিসেস সাবরিনা মফিজকে ধন্যবাদ জানান যিনি অসুস্থ্য থাকা সত্ত্বেও সভায় উপস্থিত হয়েছেন। তিনি আরও জানান প্রায় ১ মাস ৬ দিন পর আজকের সভা অনুষ্ঠিত হচ্ছে। বিড়ালের খাবার পরিবেশন নিয়ে অনাকাঙ্খিত ঘটনার তদন্ত স্টেশন সদর দপ্তরে চলমান রয়েছে। তিনি বলেন যে সংবিধানের আর্টিকেল-৯ এর নির্দেশনার ব্যাপারে ডিওএইচএস এর সদস্যদের এসএমএস ও ফেজবুক পেইজে পোষ্ট করা হয়েছে। বর্তমান ইসি নির্বাচনী ইস্তেহার অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে যা সকলের সাথে সু-সম্পর্ক বজায় রেখেই সম্পন্ন করা হবে। লেডিস ক্লাবের একজন উপদেষ্টাকে বাদ দেয়ার কারণে বিব্রতকর অবস্থার সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ম অনুসরণ করে করা হয়েছে কিনা এবং এটির সুষ্ঠু ও সুন্দর সমাধানের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) এর নেতৃত্বে কার্যক্রম চলমান আছে। তাঁর প্রতিবেদন ও পরামর্শের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এরপর প্রেসিডেন্ট সেক্রেটোরী মহোদয়কে মূল আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রমকে এগিয়ে নেওয়ার অনুরোধ করেন।	সকল ইসি সদস্যবৃন্দ
আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ১২তম সভার কার্যবিবরণী অনুমোদন সেক্রেটারী মহোদয় ১২তম সভার কার্যবিবরণী অনুমোদনের লক্ষ্যে ঐ সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টের উপর আলোকপাত করেন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য মিসেস সাবরিনা মফিজ, ইসি সদস্য প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুন নুর খান (অবসরপ্রাপ্ত), ইসি সদস্য তা সমর্থন করেন। ফলে ১২ম ইসি সভার কার্যবিবরণী অনুমোদিত হলো।	সকল ইসি সদস্যবৃন্দ
আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক আগষ্ট ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন বারিধারা ডিওএইচএস পরিষদের আগষ্ট ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবসরপ্রাপ্ত) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং ব্যালেন্সশীট সম্পর্কে বিস্তারিতভাবে সকলকে অবহিত করা হয়। ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সভায় জ্ঞাত করেন যে, ফিটনেস সেন্টারের অনেক সদস্য নিয়মিত চাঁদা পরিশোধ করছেনা বলে তিনি হতাশা ব্যক্ত করেন। তিনি বলেন ফিটনেস সেন্টারের বকেয়া চাঁদা প্রায় ১৮ লক্ষ টাকা আদায়ের ব্যাপারে কী করণীয় ও কীভাবে তা আদায় করা যায় এ ব্যাপারে বিবেচনার জন্য ট্রেজারারকে অনুরোধ এবং তার দৃষ্টি আর্কষন করেন। ফিটনেস সেন্টারের কোন কোন সদস্য কয়েক মাস/বছর বিরতি দিয়ে পুনরায় এসে ৩ মাসের চাঁদার ১০% জমা দিয়ে মেম্বারশীপ নিয়মিত করে নেন যা যুক্তি সংঙ্গত নয়। সিনিয়র ভাইস প্রেসিডেন্ট বলেন যে কেউ দীর্ঘদিন অনুপস্থিত থাকার পূর্বে বা ছুটিতে গেলে পরিষদে আবেদন করে যাবেন এবং তাকে একটি নির্ধারিত ফি প্রতিমাসেই দিতে হবে। ট্রেজারার বলেন যে ফিটনেস সেন্টারের আয়ের দ্বারাই খরচ মিটানোর চেষ্টা করতে হবে। এ ক্ষেত্রে কীভাবে ফিটনেস সেন্টারের আয় বৃদ্ধি করা যায় তার চেষ্টা করতে হবে। এ ব্যাপারে একটি উপযুক্ত নীতিমালা হওয়া প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে প্রেসিডেন্ট বলেন যে বর্তমান ও বিগত দিনের নীতিমালাগুলি পর্যালোচনা করে সংশোধন, সংযোজন ও পরিমার্জন করে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ফিটনেস সেন্টার কনভেনার একটি উপযুক্ত খসড়া নীতিমালা তৈরী করবেন এবং আগামী ইসি সভায় তা অনুমোদনের জন্য পেশ করবেন। তবে এমন কোন কার্যক্রম নেয়া যাবে না যাতে মেম্বার কমে যায় এবং ফিটনেস সেন্টার পরিচালনায় ক্ষতি হয়। কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত), ইসি সদস্য প্রস্তাব করেন যে, কিছু কিছু ব্যয়ের খাত যেমন মেডিকেল সেন্টার ও বোট ক্লাব পরিচালনায় এগুলো থেকে আয় কম হলেও ভূর্তুকী দিয়ে এর কার্যক্রম শুধু চালু রাখলেই হবেনা;	সকল ইসি সদস্যবৃন্দ সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

বরং এর কার্যক্রমের পরিধি, সুযোগ-সুবিধা ও আকর্ষন বাড়ানোর পদক্ষেপ নিতে হবে। পরিষদের আয় বৃদ্ধির জন্য সকল সাব-কমিটিকে অনুরোধ জানানো হয়। সংশ্লিষ্ট মাসের আর্থিক খরচে আর কোন ধরণের পর্যবেক্ষন না থাকায় অনুমোদনের জন্য কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত), ইসি সদস্য প্রস্তাব করেন যা কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবসরপ্রাপ্ত), জয়েন্ট সেক্রেটারী সমর্থন করেন। ফলে আগষ্ট ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হলো বলে সভায় বিবেচিত ও গৃহিত হয়।	
<u>আলোচ্যসূচি- ০৫ ঃ Realisation of unpaid Porishod subscriptions by the EC members.</u> **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বকেয়া সাবস্ক্রিপশন আদায়ের জন্য রোড অনুযায়ী নিম্নবর্নিত ইসি সদস্যদেরকে দায়িত্ব দেয়া হলোঃ ১। প্রেসিডেন্ট - রোড নং- ৯ থেকে ১৩ ২। সিনিয়র ভাইস প্রেসিডেন্ট - রোড নং- ৭ ৩। জয়েন্ট সেক্রেটারী - রোড নং- ৬ ৪। মেম্বার এ্যাডমিন - রোড নং- ৫ ৫। কর্নেল জয়নুল আবেদীন - রোড নং- ১ ও ২ ৬। গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি - রোড নং- ৪ ৭। ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন - রোড নং- ৩ ৮। এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি - রোড নং ৮ ও ৯	প্রেসিডেন্ট ও সংশ্লিষ্ট ইসি সদস্য
<u>আলোচ্যসূচি- ০৬ ঃ To discuss about Employee Promotion/Salary Increment Assessment Form. (Draft copy will be produced).</u> **সিদ্ধান্ত ঃ** ভাইস প্রেসিডেন্ট কর্তৃক তৈরীকৃত খসড়া ফরমেট নিয়ে বিস্তারিত আলোচনান্তে এসিআর এর ফরমেট তৈরীর জন্য নিম্নবর্ণিত ইসি সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ ১। কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) ২। এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি ৩। কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি ভাইস প্রেসিডেন্ট যে এসিআর খসড়া ফরমেট তৈরী করেছেন তা যাচাই বাছাই করে উপরোক্ত কমিটি আগামী ১৫ দিনের মধ্যে ১ পাতার একটি ফরমেট তৈরী করে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।	সংশ্লিষ্ট কমিটি
<u>আলোচ্যসূচি- ০৭ ঃ কালেক্টর পদ হতে অব্যাহতি নেয়ায় অতিরিক্তি ১ মাসের বেতন প্রদানের বিষয়ে সিদ্ধান্ত।</u> **সিদ্ধান্ত ঃ** যেহেতু মোঃ মুকুল হোসেন, কালেক্টরকে একটি ভাল অংকের পারিতোষিক দেয়া হচ্ছে তাই বিস্তারিত আলোচনা শেষে ১ মাসের অতিরিক্ত বেতন প্রদানের বিষয়টি অনুমোদিত হয়নি।	ট্রেজারার

আলোচ্যসূচি- ০৮ ঃ লাইব্রেরীর জন্য একটি প্রিন্টার ক্রয়ের প্রয়োজনীয়তা পর্যালোচনা ও নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে ক্রয়। **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, লাইব্রেরীতে প্রিন্টার তেমন প্রয়োজন নাই বিধায় অনুমোদিত হয়নি। প্রিন্টিং প্রয়োজন হলে লাইব্রেরিয়ান মেইন অফিসে এসে প্রিন্ট সম্পন্ন করবেন। অফিস হতে এ ব্যাপারে তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে।	কনভেনার লাইব্রেরী এন্ড পাবলিকেশন সাব-কমিটি
আলোচ্যসূচি- ০৯ ঃ To discuss about Renew application for Taekwondo Training. **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, আগামী ০১ বছরের অনুমতি দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। তবে Taekwondo Training স্থানে ১৬ ফিট X ১৬ ফিট ভালমানের কার্পেট ও সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা করতে হবে যাতে সংশ্লিষ্টদের কেউই কোন ধরণের দূর্ঘটনার সম্মুখীন হন। প্রশিক্ষণের স্থান পরিষদ কর্তৃক নির্ধারণ করে দেয়া হবে।	কনভেনার, স্পোর্টস এন্ড কালাচারাল সাব-কমিটি
আলোচ্যসূচি- ১০ ঃ Discussion on points raised by Capt M Omar Faruque, G, psc, BN (Retd)-Anx-A ক। **ট্রাফিক ম্যানেজমেন্ট ও রাস্তার শৃঙ্খলা।** অত্র এলাকার বিভিন্ন রোডগুলিতে কয়েকজন ব্যক্তি প্রতিবন্ধকতা স্থাপন করায় যানবাহনের অস্থায়ী পার্কিং/চলাচলে অনেক অসুবিধা হচ্ছে। বিভিন্ন বাড়ির মালিকরা নিজের জায়গার বাইরে বালি ভর্তি বস্তা/পাথর/স্টেন্ড স্থাপন করে রাস্তা সরু করে রেখেছে। রোড নং ৩, ৬, ৮ সি, ১১, ১২ ও ১৩ এর কয়েক স্থানে ইহা পরিলক্ষিত হচ্ছে। এই সব প্রতিবন্ধকতা স্বত্বর সরানো না হলে, ভবিষ্যতে ট্রাফিক ও রোড Discipline বজায় রাখা কঠিন হবে। **সিদ্ধান্ত ঃ** নো পার্কিং বোর্ড বাড়ীর সামনে স্থাপন করলে রাস্তা সরু হয়ে যায় বিধায় নো পার্কিং সাইন বোর্ড স্থাপন নিরুৎসায়িত করা হলো। কোন বাড়ীর সামনে গাড়ী পার্কিং করলে তা টহলকে জানালে ব্যবস্থা নেবে। প্রয়োজনে রেকার লাগিয়ে জরিমানা করবে। সড়কের দুইপাশে সমান্তরাল ভাবে গাড়ী পার্কিং করলে রেকার লাগাবে টহল পার্টি।	মেম্বার সিকিউরিটি
খ। **ডিওএইচএস এর বিভিন্ন সার্ভিস চার্জ সংগ্রহ প্রসঙ্গে।** জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর বাসিন্দার নিকট ২৫/৩০ লক্ষ টাকা সার্ভিস চার্জ ও অন্যান্য চাঁদা বকেয়া হয়েছে। কালেক্টর তিন জন এই সব বকেয়া সংগ্রহে অপরাগ হচ্ছে। এমনকি ৩/৪ মাসের বেশি বকেয়া বিল বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও আদায় করা সম্ভব হচ্ছেনা। এই সব defaulter বাসিন্দাদের নামের তালিকা মাসিক ইসি মিটিং এ উপস্থাপন করলে ইসি মেম্বাররা নির্ধারিত অর্থ সংগ্রহের ভাল পরামর্শ দিতে পারবেন। এ ছাড়া মেম্বারদের কে দায়িত্ব প্রদান করলে খেলাপীদের থেকে টেলিফোন করে অর্থ আদায় করা সম্ভব হতে পারে। **সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে রোড অনুযায়ী ইসি কমিটিকে আলোচ্যসূচি -৫ এর সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্ব দেয়া হয়েছে।	
গ। **পরিষদের নিরাপত্তা/পরিচ্ছন্ন/অফিস/কনভেনশন সেন্টার/ মসজিদ স্টাফ/কর্মচারীদের পুরষ্কার/সাজা প্রদান প্রসঙ্গে।** সাধারণভাবে দেশের প্রচলিত নিয়ম অনুযায়ী বিভিন্ন সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি/নিরাপত্তা বাহিনীর নিয়ন্ত্রনাধীন কর্মচারীদের অদক্ষতা/অবহেলার জন্য সতর্ক করা/ Admonish/ চাকুরী থেকে বহিষ্কার/বেতন কাটার বিধান রয়েছে। ডিওএইচএস এর স্টাফ/ কর্মচারীদের অপরাধের ধারা অনুধাবন করে বেতন স্থগিত (৫/১০/১৫ দিনের জন্য) করার স্থানীয় নিয়ম চালু করলে কর্মচারীদের থেকে আশানুরোপ দক্ষতার ফল পাওয়া যাবে বলে আশা করা যায়। **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে এ ব্যাপারে একটি নির্দেশনা/নীতিমালা তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সেক্রেটারী

আলোচ্যসূচি- ১১ ঃ Discussion on points raised Brig Gen M Najeeb Hassan (Retd)

১। **Ladies Club Member Games/Sports এর পদ সৃষ্টি করা প্রসঙ্গে।**

অত্র ডিওএইচএস বসবাসরত Ladies/Girls-দের খেলাধুলায় আকৃষ্ট করার লক্ষে, আমাদের Ladies Club- এর সহায়তা ধনাত্নক ভুমিকা পালন করতে পারে। এ লক্ষে Ladies Club-এ একজন সদস্যকে Member Games/Sports হিসেবে পদ সৃষ্টি করা যেতে পারে। অতপর সেই Member Games & Sports কে আমাদের Sports Sub Committee Co-opt করার মাধ্যমে Ladies/Girls-দের খেলাধুলার মধ্যে জড়িত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ Ladies/Girls-দের খেলাধুলার সাথে জড়িত করার লক্ষ্যে Ladies Club হতে একজন মেম্বার স্পোর্ট সাব- কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কো-অপ্ট সদস্যের সহযোগিতায় আগামী দিনগুলোতে খেলাধুলার আয়োজন করা হবে। — সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

২। **Pickle Ball খেলার ব্যবস্থা করা ।**

ফিটনেস সেন্টারের Vertical Extension এর কাজ সম্পূর্ণ হওয়ার পর ছাদে Pickleball Court তৈরি করার ব্যাপারে ইসি সভায় আলোচনা। উল্লেখ্য যে বর্তমানে ঢাকার শহরে বিভিন্ন স্থানে Pickleball খেলার প্রচলন রয়েছে। বাস্কেটবল মাঠেও খেলা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ এ ব্যাপারে ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবসরপ্রাপ্ত)এর পরামর্শ অনুযায়ী আগামী ইসি সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে। অক্টোবর ২০২৬ মাসের যেকোন সুবিধাজনক সময়ে একটি Pickleball প্রদর্শনী ম্যাচ বাস্কেটবল মাঠে আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। — ,,

৩। **ফিটনেস সেন্টারের মাসিক চাঁদা আদায় না হওয়া প্রসঙ্গে।**

ফিটনেস সেন্টারে মোট সদস্য সংখ্যা ১৭০৭ জন। ১৭০৭ জন সদস্যের কাছ থেকে প্রতি মাসে মাসিক চাঁদা হিসেবে ১৮,৩০,০০০/-(আঠারো লক্ষ ত্রিশ হাজার) টাকা পরিষদ ফান্ডে জমা হওয়ার কথা। কিন্তু আমরা তা পাচ্ছি না, উক্ত ১৮,৩০,০০০/- টাকা পেলে আমরা পরবর্তীতে ফুটবল মাঠে টার্ফ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি লাগাতে সক্ষম হব। এমতাবস্থায়, আমরা কীভাবে এই অর্থ পেতে পারি সে ব্যাপারে ইসি সভায় আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ এ ব্যাপারে আলোচ্যসূচি-৪ এ বিস্তারিত আলোচনা হয়েছে। — ,,

৪। **তাইকুন্ডু প্রশিক্ষণের জন্য স্থান নির্ধারণ প্রসঙ্গে।**

তাইকুন্ডু কোচের প্রশিক্ষণের জন্য স্থান নির্বাচন এবং তাকে ঐ স্থানটুকু পাকা করে দেওয়া যায় কি না সে ব্যাপারে সভায় আলোচনা।

সিদ্ধান্ত ঃ প্রশিক্ষণের স্থান পরিষদ কর্তৃক সরেজমিনে পরিদর্শন পূর্বক নির্ধারণ করে পাকা করার ব্যবস্থা নেয়া হবে। — ,,

৫। **৫ জন কোচের বাৎসরিক চাঁদা নির্ধারণ।**

১০% চাঁদার পরিবর্তে ১৫% করা যায় কি না সে ব্যাপারে ইসি সভায় আলোচনা। — ,,

সিদ্ধান্ত ঃ বিস্তারিক আলোচনা শেষে পূর্বের সিদ্ধান্ত বহাল থাকবে।

আলোচ্যসূচি- ১২ ঃ Any other business ক। পরিষদে কর্মরত ৪ জন অফিস সহায়কদের প্রদানকৃত ২,০০০/- টাকা ভাতার ব্যাপারে সিদ্ধান্তগ্রহন। উল্লেখ্য তাদের ০১/১০/২০২৫ থেতে ০১/০৭/২০২৬ সময় পর্যন্ত প্রতিজনকে ২,০০০/- টাকা মাসে প্রদান করা হতো। উক্ত ভাতা এখন বন্ধ আছে এবং ওভার টাইমও প্রদান করা হয়না। **সিদ্ধান্ত ঃ** বিস্তারতি আলোচনা শেষে, উক্ত প্রস্তাব অনুমোদিত হয়নি।	সেক্রেটারী
খ। পরিষদের ক্লিনার তোফাজ্জেল হোসেন চাকুরীরত অবস্থায় ক্যানসার জনিত কারনে মৃত্যবরণ করায় উক্ত স্থলে তার ছেলেকে নিয়োগ এবং তার প্রাপ্য বেতন, পারিতোষিক ও জামানত টাকা ফ্যামিলিকে (স্ত্রীকে) প্রদান করা। তোফাজ্জেল হোসেন এর লাশ বাড়ীতে নিয়ে যাওয়া এবং যাবতীয় খরচ প্রদান আনুমানিক ২৫,০০০/- টাকা। **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, তোফাজ্জেল হোসেন ১৭ সেপ্টেম্বর ২০২৬ মৃতবরণ করায় এর লাশ বাড়ীতে নিয়ে যাওয়া এবং যাবতীয় খরচ বাবদ ১৫,০০০/- প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং তার ছেলেকে ১৮ সেপ্টেম্বর থেকে নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। তার প্রাপ্য বেতন, পারিতোষিক ও জামানত টাকা পরিবারকে (স্ত্রীকে) পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সেক্রেটারী, ট্রেজারার ও মেম্বার এ্যাডমিন
গ। **ডিওএইচএস এ প্রবেশ নিষেধ ঃ** ঠিকাদার মোঃ শাহ আলম বারিধারা ডিওএইচএস এর জামে মসজিদের মেরামতের কাজ করার জন্য বারবার তাকে বলা হলেও সে ওয়াদা করেও আসে নাই। তার আচরণও সন্তোষজনক নয়। **সিদ্ধান্ত ঃ** অত্র ডিওএইচএস এলাকায় যেন ঠিকাদার শাহ আলম প্রবেশ করতে না পারে এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন এবং গেইটে তার ছবি প্রদর্শনের ব্যবস্থা করবেন।	মেম্বার সিকিউরিটি
ঘ। **লেডিস ক্লাবের নীতিমালার কিছু ধারা সংশোধন ঃ** বিস্তারিত আলোচনা শেষে, নীতিমালা সংশোধন এর বিষয়টি গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) কর্তৃক প্রতিবেদন দেয়ার পর অর্থাৎ পরবর্তী ইসি সভায় আলোচনা করে সিদ্ধান্ত/অনুমোদন নেয়া হবে।	সেক্রেটারী
ঙ। মেজর জেনাঃ এ আই এম মোস্তফা রেজা নুর, এনডিসি (অবঃ) তারঁ বাড়ী উর্দ্ধমূখী করার আবেদন করেন। উক্ত আবেদন তিনি কাজের সুবিধার্থে বাড়ীর পার্শ্বের Hard standing ground এর ১৬ স্কয়ারফুট যায়গা ব্যবহারের অনুরোধ জানান। **সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনা শেষে তাঁর বাড়ীর উত্তর পার্শ্বের Hard standing ground এর কিছু অংশ ব্যবহারের অনুমতি দেয়ার পক্ষে সকল সদস্য মতামত প্রদান করেন। তিনি নিজ ব্যবস্থাপনায় ক্যান্টনমেন্ট বোর্ডের নির্দেশনা মোতাবেক তারঁ বাড়ী উর্দ্ধমূখী সম্প্রসারণের কাজ করতে পারবেন।	মেম্বার এ্যাডমিন ও মেম্বার সিকিউরিটি
আলোচ্যসূচি-১৩ ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ আগামী ৩১ অক্টোবর ২০২৬ (শনিবার), সন্ধ্যা ৭.০০ টায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	

আলোচ্যসূচি - ১৪ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ তিনি জানান যে, আজকের সভায় নাতীর জন্ম ও দোয়া উপলক্ষ্যে নৈশ্যভোজ ও প্রচুর মিষ্টির আয়োজন করার জন্য ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবসরপ্রাপ্ত) এর নাতীর জন্য দোয়া ও সুস্থ জীবন কামনা করেন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। মিসেস ফরিদা ইয়াসমিন এর নাতী হওয়া উপলক্ষ্যে মিষ্টি দিয়ে অ্যাপায়ন করার জন্যও দোয়া করেন ও ধন্যবাদ জানান। ইসি সদস্য কর্নেল জয়নুল আবেদীন দোয়া পরিচালনা করেন। নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে সভায় কার্যক্রমে স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ ও সিদ্ধান্ত গ্রহনে ইতিবাচক ভূমিকা রাখায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।	

কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবসরপ্রাপ্ত)
ভারপ্রাপ্ত সেক্রেটারী
০৯ অক্টোবর ২০২৬

অনুমোদনক্রমে-

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৯ অক্টোবর ২০২৬

কার্যক্রম ঃ

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ

হিসাব শাখা

কনভেনশন সেন্টার শাখা